

শিক্ষার্থীদের টাকা না দেয়ায় শিক্ষার্থীদের মারপিট, শিক্ষক গ্রেফতার

■ বাঘা (রাজশাহী) সংবাদদাতা
বাঘায় বনভোজনের চাঁদা না পেয়ে ৩০
শিক্ষার্থীকে মারপিট করে আহত
করেছেন এক শিক্ষক। এ ঘটনার পর
অভিভাবকসহ স্থানীয় লোকজন ওই
শিক্ষককে ধাওয়া করলে তিনি অফিস
কক্ষে আশ্রয় নেন। পরে বিক্ষিপ্ত জনতা
প্রধান শিক্ষককে মারপিট করে আহত
করে। এ ঘটনার পর উপজেলা নির্বাহী
কর্মকর্তাসহ পুলিশ গিয়ে অভিযুক্ত
শিক্ষককে গ্রেফতার করে পরিস্থিতি
নিয়ন্ত্রণে আনে। শনিবার সকালে
উপজেলার চণ্ডীপুর উচ্চ বিদ্যালয়ে এ
ঘটনা ঘটে।

স্থানীয় একাধিক সূত্রে জানা
গেছে, উপজেলার চণ্ডীপুর উচ্চ
বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল
ইসলাম বিদ্যালয় চত্বরে ২৯ মার্চ
বনভোজনের আয়োজন করে। এ জন্য
প্রত্যেক শিক্ষার্থীর নিকট হতে একশ
টাকা হারে চাঁদা তোলায় দায়িত্ব পেন
নহকারী শিক্ষক মোহাম্মদ আলীকে।
কিন্তু বিদ্যালয় চত্বরে বনভোজনে
স্বমত প্রকাশ করে কতিপয় শিক্ষার্থী।
এ ঘটনায় ক্ষিপ্ত হয়ে শনিবার সকাল
গাড়ে ৯টার সময় শিক্ষক মোহাম্মদ
গালী ২৫-৩০ শিক্ষার্থীকে বেত দিয়ে
পটিয়ে আহত করে। এ খবর হুড়িয়ে
পড়লে শিক্ষার্থী, অভিভাবক ও
স্থানীয়রা শিক্ষক মোহাম্মদ আলীকে
ধাওয়া করে। এ সময় শিক্ষক
মোহাম্মদ আলী স্কুলের অফিস কক্ষে
গিয়ে আশ্রয় নেন। এ সময় বিক্ষিপ্ত
জনতা ওই শিক্ষককে মোটরসাইকেল
ডাংচুর করে তার বিরুদ্ধে বিক্ষোভ
মিছিল বের করে এবং এবং
বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল

ইসলামকে মারপিট করে আহত করে
পরে পুলিশ পাহারায় ওই শিক্ষককে
স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়।
বিদ্যালয়ের সভাপতি ও
আওয়ামী লীগ নেতা আব্দুল ফজল
জানান, যেভাবে শিক্ষার্থীদের মারপিট
করা হয়েছে সেটা অত্যন্ত দুঃখজনক।
তিনি ওই শিক্ষককে চাকরিচ্যুত
করাসহ প্রধান শিক্ষকের বিরুদ্ধে
ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী
কর্মকর্তার নিকট দাবি জানিয়েছেন।
বাঘা থানার অফিসার ইনচার্জ
(ওপি) আমিনুর রহমান জানান, শিক্ষক
মোহাম্মদ আলীকে গ্রেফতার করে
পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে।